# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৮১৬

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - ফিত্বরার বর্ণনা

بَابُ صَدَقَةِ الْفِطْرِ

---

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: كُنَّا نُخْرِجُ زَكَاةَ الْفِطْرِ صَاعًا مِنْ طَعَامٍ أَو صَاعا من شعير أَو صَاعا من تَمْرٍ أَوْ صَاعًا مَنْ أَقِطٍ أَوْ صَاعًا من زبيب

### বাংলা

১৮১৬-[২] আবূ সা’ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা (রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সময়) খাবার জিনিসের এক সা’ অথবা এক সা’ যব অথবা খেজুর অথবা এক সা’ পনির অথবা এক সা’ আঙ্গুর ’সদাক্বায়ে ফিতর’ আদায় করতাম। (বুখারী, মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৫০৬, মুসলিম ৯৮৫, মুয়াত্ত্বা মালিক ৯৯০, মুসনাদ আশ্ শাফি‘ঈ ৬৭৯, দারিমী ১৭০৫, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭৬৯৮, শারহুস্ সুন্নাহ্ ১৫৯৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আবূ সা‘ঈদ (রাঃ) এর হাদীস হতে বুঝা যায় যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যুগেও এক সা' ফিত্বরাহ্ আদায় করা হত খাদ্যদ্রব্য হতে। সহীহুল বুখারীর বর্ণনায় আছে, আমরা সেটা আদায় করতাম নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর যামানায়। বুখারীর অন্য বর্ণনায় আছে যে, আমরা সেটা বের করতাম নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কালে। আমরা যাকাতুল ফিত্বর বের করতাম আর আমাদের মধ্যে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন। আর এ কথা অসম্ভব যে, মু‘আবিয়ার কথায় লোকেরা আধা সা' গম ফিত্বরাহ্ দিতো। তাহলে আবূ সা‘ঈদ আল খুদরী ও অন্যান্যরা মু‘আবিয়ার বিরোধিতা করতো। ক্বিয়াস করে অর্ধ সা' মেনে নিয়েছেন এ কথা ঠিক নয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56376

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন